গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৩২৬

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪৩০ / ০৩ ডিসেম্বর ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির আওতায় রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজির আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ বিতরণ বাবদ ১৮২.৯২ লক্ষ (এক কোটি বিরাশি লক্ষ বিরানব্বই হাজার) টাকা অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

মহোদয়,

২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৯- বীজ ও চারা' খাতে বরাদ্দকৃত ৩৬৫০০.০০ লক্ষ (তিনশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ১৮০.৭০ লক্ষ (এক কোটি আশি লক্ষ সত্তর হাজার) '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ২.২২ লক্ষ (দুই লক্ষ বাইশ হাজার) সর্বমোট ১৮২.৯২ লক্ষ (এক কোটি বিরাশি লক্ষ বিরানব্বই হাজার) টাকা রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজির আবাদ বৃদ্ধির লক্ষ্যে বিনামূল্যে বীজ কৃষকদের মাঝে বিতরণের জন্য ০৩ নং অনুচ্ছেদের জেলাওয়ারী বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ১৭ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। **২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজির আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সবজি বীজ পুনর্বাসন সহায়তা কর্মসূচির জেলাওয়ারি বিভাজন:**

| ক্র: নং | জেলার নাম | মোট উপজেলার সংখ্যা | মোট ইউনিয়নের সংখ্যা | কৃষক সংখ্যা | প্যাকেট সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | টমেটো | কুমড়া | লাউ | লালশাক | পালংশাক |
| ১ | কিশোরগঞ্জ | ১৩ | ৯৭ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ |
| ২ | ময়মনসিংহ | ১৩ | ১৪৫ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ |
| ৩ | জামালপুর | ৭ | ৪০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৪ | নেত্রকোনা | ২ | ২৫ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ |
| ৫ | শেরপুর | ৫ | ২৬ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ |
| ৬ | চট্টগ্রাম | ৭ | ৭১ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ |
| ৭ | কক্সবাজার | ৮ | ৬৩ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ | ৬০০০ |
| ৮ | হবিগঞ্জ | ৯ | ৫৮ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ৯ | নওগাঁ | ৪ | ২২ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ | ৮০০০ |
| ১০ | নাটোর | ৭ | ১৪ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১১ | বগুড়া | ৮ | ৪৩ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১২ | জয়পুরহাট | ২ | ৮ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১৩ | সিরাজগঞ্জ | ৯ | ৫৬ | ৩০০০ | ৩০০০ | ৩০০০ | ৩০০০ | ৩০০০ | ৩০০০ |
| ১৪ | কুড়িগ্রাম | ৮ | ৫৪ | ৫০০০ | ৫০০০ | ৫০০০ | ৫০০০ | ৫০০০ | ৫০০০ |
| ১৫ | লালমনিরহাট | ৩ | ১৫ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১৬ | নীলফামারী | ৩ | ১২ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| ১৭ | রাজবাড়ী | ৩ | ৬ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ | ১০০০ |
| মোট | | ১১১ | ৭৫৫ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ | ৬৫০০০ |

*মন্তব্য: এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক সবজি চাষের জন্য জন্য ৫ ধরণের ৫ প্যাকেট সবজি বীজ (বারি হাইব্রিড ৫/ বারি হাইব্রিড ৮) টমেটো ৫ গ্রাম, বারি হাইব্রিড মিষ্টি কুমড়া ৫ গ্রাম, লাউ (ক্ষেতলাউ/বারি-৪ লাউ) ১৫ গ্রাম, লালশাক ১০০ গ্রাম এবং পালং শাক ১০০ গ্রাম) বীজ সহায়তা পাবেন

০৩। ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ (টমেটা, কুমড়া, লাউ, লালশাক, পালংশাক) বাবদ বিনামূল্যে বীজ বিতরণ সহায়তা প্রদান কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক সংখ্যা ও অর্থ বিভাজন:

| ক্র: নং | জেলার নাম | মোট উপজেলার সংখ্যা | মোট ইউনিয়নের সংখ্যা | কৃষক সংখ্যা | উপকরণের ব্যয় | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯- বীজ' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | |
| ১ | কিশোরগঞ্জ | ১৩ | ৯৭ | ৮০০০ | ২২.২৪ | ০.২৬ | ২২.৫০ |
| ২ | ময়মনসিংহ | ১৩ | ১৪৫ | ১০০০০ | ২৭.৮০ | ০.২৬ | ২৮.০৬ |
| ৩ | জামালপুর | ৭ | ৪০ | ৬০০০ | ১৬.৬৮ | ০.১৪ | ১৬.৮২ |
| ৪ | নেত্রকোনা | ২ | ২৫ | ৪০০০ | ১১.১২ | ০.০৪ | ১১.১৬ |
| ৫ | শেরপুর | ৫ | ২৬ | ৪০০০ | ১১.১২ | ০.১০ | ১১.২২ |
| ৬ | চট্টগ্রাম | ৭ | ৭১ | ৪০০০ | ১১.১২ | ০.১৪ | ১১.২৬ |
| ৭ | কক্সবাজার | ৮ | ৬৩ | ৬০০০ | ১৬.৬৮ | ০.১৬ | ১৬.৮৪ |
| ৮ | হবিগঞ্জ | ৯ | ৫৮ | ১০০০ | ২.৭৮ | ০.১৮ | ২.৯৬ |
| ৯ | নওগাঁ | ৪ | ২২ | ৮০০০ | ২২.২৪ | ০.০৮ | ২২.৩২ |
| ১০ | নাটোর | ৭ | ১৪ | ১০০০ | ২.৭৮ | ০.১৪ | ২.৯২ |
| ১১ | বগুড়া | ৮ | ৪৩ | ১০০০ | ২.৭৮ | ০.১৬ | ২.৯৪ |
| ১২ | জয়পুরহাট | ২ | ৮ | ১০০০ | ২.৭৮ | ০.০৪ | ২.৮২ |
| ১৩ | সিরাজগঞ্জ | ৯ | ৫৬ | ৩০০০ | ৮.৩৪ | ০.১৮ | ৮.৫২ |
| ১৪ | কুড়িগ্রাম | ৮ | ৫৪ | ৫০০০ | ১৩.৯০ | ০.১৬ | ১৪.০৬ |
| ১৫ | লালমনিরহাট | ৩ | ১৫ | ১০০০ | ২.৭৮ | ০.০৬ | ২.৮৪ |
| ১৬ | নীলফামারী | ৩ | ১২ | ১০০০ | ২.৭৮ | ০.০৬ | ২.৮৪ |
| ১৭ | রাজবাড়ী | ৩ | ৬ | ১০০০ | ২.৭৮ | ০.০৬ | ২.৮৪ |
| | মোট | ১১১ | ৭৫৫ | ৬৫০০০ | ১৮০.৭০ | ২.২২ | ১৮২.৯২ |

০৪। '২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ ব্যবহারের মাধ্যমে পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী ব্লকওয়ারি বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক সবজি চাষের জন্য জন্য ৫ ধরণের ৫ প্যাকেট সবজি বীজ (বারি হাইব্রিড ৫/ বারি হাইব্রিড ৮) টমেটো ৫ গ্রাম, বারি হাইব্রিড মিষ্টি কুমড়া ৫ গ্রাম, লাউ (ক্ষেতলাউ/বারি-৪ লাউ) ১৫ গ্রাম, লালশাক ১০০ গ্রাম এবং পালং শাক ১০০ গ্রাম) বীজ সহায়তা পাবেন;

৭. এ কর্মসূচির আওতায় প্যাকেটকৃত সবজি বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। কোনো কারণে বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে স্থানীয়ভাবে মানসম্মত বীজ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুমতিক্রমে সংগ্রহ করতে হবে;

৮. বিএডিসি হতে সংগৃহীত বারি হাইব্রিড টমেটো-৫/ বারি হাইব্রিড টমেটো-৮ এর বীজ ৫ গ্রাম, বারি হাইব্রিড কুমড়া-১ এর বীজ ৫ গ্রাম, লাউ (ক্ষেতলাউ/বারি-৪ লাউ) এর বীজ ১৫ গ্রাম, বারি লালশাক-১ এর বীজ ১০০ গ্রাম এবং কপি পালং শাক এর বীজ ১০০ গ্রাম (পাঁচটি প্যাকেট ১ জন কৃষককে) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিতরণ করতে হবে;

৯. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১২. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন বীজ বিতরণ, মানসম্মত চারা উৎপাদন ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১৩. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৪. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/
নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৩২৬

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪৩০ / ০৩ ডিসেম্বর ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/
নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩.

তারিখ :

. অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪৩০
০৩ ডিসেম্বর ২০২৩

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.৩২৬

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)**
৫. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১৭ জেলা)।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১৭টি জেলা)।
১৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ১৭ টি জেলা) **(জি.ও.-র বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ও.-র বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৬. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

06/12/2023

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
**www.moa.gov.bd**

## ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ ব্যবহারের মাধ্যমে পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন পদ্ধতি

**কর্মসূচির উদ্দেশ্যঃ**

১. সাম্প্রতিক অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল ও ঘূর্ণিঝড় 'হামুন'-এ ক্ষতিগ্রস্ত কৃষকদের পাশে দাঁড়ানো;
২. অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল ও ঘূর্ণিঝড় 'হামুন'-এ ক্ষতিগ্রস্ত এলাকাসমূহের কৃষকদের ক্ষতি পুষিয়ে নেওয়া;
৩. পারিবারিক সবজি ও পুষ্টি চাহিদা পূরণে সবজি ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা;
৪. কৃষকগণ পারিবারিক বাগানে উৎপাদিত সবজি ব্যবহারের মাধ্যমে অর্থ সাশ্রয় করে আর্থিকভাবে লাভবান হতে পারবে;
৫. সবজি উৎপাদনের ধারা অব্যাহত রাখা যাবে।

**পুনর্বাসন কার্যক্রমের যৌক্তিকতাঃ**

দেশের ১৭টি জেলায় বাড়ী ঘর, রাস্তা-ঘাট, ফসলের জমি বন্যার পানিতে নিমজ্জিত হয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে কৃষকের ফসলি জমিসহ পারিবারিক পর্যায়ে স্থাপিত সবজি চাষ সম্পূর্ণ ক্ষতি হয়। এই দুর্যোগের সময়ে কৃষকদের পাশে দাঁড়ানো এবং তাদের ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে এ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এ কর্মসূচি বাস্তবায়িত হলে প্রতি বাগানে প্রায় ১০০ কেজি সবজি উৎপাদিত হবে। গড়ে প্রতি কেজি ৪০.০০ টাকা হিসেবে যার বাজার মূল্য প্রায় ৪০০০ টাকা। শাক-সবজি জাতীয় ফসল আবাদের মাধ্যমে কৃষকের নিজস্ব সবজি চাহিদার পাশাপাশি বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি এবং পারিবারিক পর্যায়ে প্রয়োজনীয় পুষ্টির সরবরাহ ও খাদ্য নিরাপত্তার বিষয়টি নিশ্চিত হবে।

### বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি রবি মৌসুমে শীতকালীন বিভিন্ন জাতের সবজি বীজ আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী ব্লকওয়ারি বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;
৪. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;
৬. এ কর্মসূচির আওতায় অনুমোদিত তালিকা অনুযায়ী একজন কৃষক সবজি চাষের জন্য জন্য ৫ ধরণের ৫ প্যাকেট সবজি বীজ (বারি হাইব্রিড ৫/ বারি হাইব্রিড ৮) টমেটো ৫ গ্রাম, বারি হাইব্রিড মিষ্টি কুমড়া ৫ গ্রাম, লাউ (ক্ষেতলাউ/বারি-৪ লাউ) ১৫ গ্রাম, লালশাক ১০০ গ্রাম এবং পালং শাক ১০০ গ্রাম) বীজ সহায়তা পাবেন;
৭. এ কর্মসূচির আওতায় প্যাকেটকৃত সবজি বীজ জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিএডিসি হতে সংগ্রহ করতে হবে। কোনো কারণে বিএডিসি বীজ সরবরাহে ব্যর্থ হলে স্থানীয়ভাবে মানসম্মত বীজ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুমতিক্রমে সংগ্রহ করতে হবে;
৮. বিএডিসি হতে সংগৃহীত বারি হাইব্রিড টমেটো-৫/ বারি হাইব্রিড টমেটো-৮ এর বীজ ৫ গ্রাম, বারি হাইব্রিড কুমড়া-১ এর বীজ ৫ গ্রাম, লাউ (ক্ষেতলাউ/বারি-৪ লাউ) এর বীজ ১৫ গ্রাম, বারি লালশাক-১ এর বীজ ১০০ গ্রাম এবং কপি পালং শাক এর বীজ ১০০ গ্রাম (পাঁচটি প্যাকেট ১ জন কৃষককে) জেলাভিত্তিক বিভাজন অনুযায়ী বিতরণ করতে হবে;

৯. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১২. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন বীজ বিতরণ, মানসম্মত চারা উৎপাদন ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১৩. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৪. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

০৩/১১/২০২২

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail-(admonitoring@dae.gov.bd / ddmonitoring@yahoo.com /input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ- | |